# অঞ্জন দত্তের মেয়ের ভূমিকায় মিম




অঞ্জন দত্তের পরিচালনায় নির্মিত হচ্ছে বাংলাদেশি ছবি 'মন বাকসো'। এই ছবিটিতে গুরুত্বপূর্ণ এক চরিত্রে অভিনয়ও করেছেন তিনি। আর সেখানে তার মেয়ের ভূমিকায় থাকছেন বিদ্যা সিনহা সাহা মিম। 'গ্ল্যামারনির্ভর' ছবির বাইরে ভিন্ন ধরনের কাহিনী নিয়ে নির্মিত এই ছবির বেশিরভাগ কলাকুশলী বাংলাদেশি হলেও তারা কেউই ঢাকাই ছবির নিয়মিত মুখ নন। এরই মধ্যে কলাকুশলীদের অনেকেই চূড়ান্ত হয়েছেন। আর সবকিছু ঠিকঠাক হলেই শুটিং শুরু করবেন অঞ্জন দত্ত। 'বড় দিন', 'আবার ব্যোমকেশ', 'রঞ্জনা আমি আর আসবো না'র মতো অসাধারণ সব চলচ্চিত্রের নির্মাতা 'মন বাকসো' দিয়ে বাংলাদেশিদের জন্যও অসাধারণ কিছু উপহার দেবেন– এমনটাই আশা সবার।

# সত্যজিতের 'শতরঞ্জ কি খিলাড়ি'তে অ্যাটেনবরো!

কালজয়ী চলচ্চিত্র নির্মাতা সত্যজিৎ রায়ের অন্যতম সৃষ্টি 'সতরঞ্জ কি খিলাড়ি'। সত্যজিতের এই ছবিতে অন্যতম চরিত্রে অভিনয় করেছিলেন সদ্যপ্রয়াত বিখ্যাত হলিউড অভিনেতা 'গান্ধী'খ্যাত পরিচালক রিচার্ড অ্যাটেনবরো। মজার ব্যাপার হলো, কেবল সত্যজিতের কথাতেই ছবিটিতে অভিনয় করতে রাজি হয়েছিলেন 'দ্য স্যান্ড পেবলস'খ্যাত অ্যাটেনবরো। ইংরেজ সাহেব হিসেবে তার সঙ্গে কাজ করতে সত্যজিৎ রায়ের টিমের সবাই অস্বস্তি বোধ করলেও নিজগুণে ঠিকই সবার মন জয় করে নিয়েছিলেন অ্যাটেনবরো। তার সঙ্গে সত্যজিতের সম্পর্কও ছিল দারুণ। এ কারণেই বোধহয় সত্যজিৎ ছিলেন তার খুব কাছের, ডাকতেন মানিক দা। সম্প্রতি সত্যজিৎ রায় আর অ্যাটেনবরো সম্পর্কে মজার এসব তথ্য জানান 'সতরঞ্জ কি খিলাড়ি' ছবির সিনেমাটোগ্রাফার সৌমেন্দু রায়।

সত্যজিৎ রায় ও অ্যাটেনবরো



১৯৭৭ সালে মুক্তি পাওয়া সত্যজিৎ রায়ের 'শতরঞ্জ কি খিলাড়ি' ছবির সেটে রিচার্ড অ্যাটেনবরো (বাঁয়ে) (২৯ আগস্ট, ১৯২৩– ২৪ আগস্ট, ২০১৪) এবং সত্যজিৎ রায় (২ মে, ১৯২১– ২৩ এপ্রিল, ১৯৯২)। এ ছবিতে অভিনয়ের সুযোগ পেয়ে 'গান্ধী' ছবির পরিচালক অ্যাটেনবরো নিজেকে ভাগ্যবান মনে করতেন। এমনকি ১৯৯৩ সালে ব্রিটেনে সত্যজিৎ রায় ফাউন্ডেশন প্রতিষ্ঠায় মুখ্য পৃষ্ঠপোষক হতে পেরে তিনি গর্ববোধ করতেন

স্মৃতিতে স্মরণ

আলো



## আবু ইমাম বাকের

নিজ উদ্যোগে বট ও বকুলের চারা লাগিয়ে পরিবেশের ভারসাম্য রক্ষার আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন পরিবেশ উন্নয়ন কর্মী ও সমাজসেবক আবু ইমাম বাকের। এরই মধ্যে তিনি এলাকায় বৃক্ষপ্রেমী হিসেবে বেশ পরিচিতি লাভ করেছেন।

শিক্ষাজীবন শেষ করে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি করার পর ১৯৯৭ সালে ইসাডো নামের একটি সেবামূলক প্রতিষ্ঠান গড়ে বিভিন্ন সেবা কার্যক্রমের সঙ্গে নিজেকে সম্পৃক্ত করেন। সমাজের পিছিয়ে পড়া হতদরিদ্র মানুষের শিক্ষা, আর্থিক সহযোগিতা, শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা, স্কুল থেকে ঝরেপড়া শিশুদের শিক্ষা প্রদান, দরিদ্র শিক্ষার্থীর শিক্ষা পরিচালনার জন্য নিয়মিত অর্থ ও সামগ্রী সহায়তা প্রদান করার পাশাপাশি দরিদ্রদের জন্য স্যানিটেশনের ব্যবস্থা এবং পিছিয়ে পড়া নারীদের উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছেন। নারীশিক্ষা ও নারীদের আইনি সহায়তার জন্যও বিভিন্নভাবে সহায়তা করছেন। তিনি বলেন, 'কোনো ফসলি এলাকায় একটি বটগাছ থাকা মানে ওই এলাকার কৃষকরা প্রাকৃতিকভাবেই কীটপতঙ্গ দমনের সুবিধা পাবেন। পাখিরা বটগাছকে খাদ্য ও আশ্রয়স্থল হিসেবে ব্যবহারের পাশাপাশি পার্শ্ববর্তী ক্ষেতগুলোতে গিয়ে কীটপতঙ্গ খেয়ে শস্যক্ষেতকে কীটমুক্ত করে। একটি পূর্ণাঙ্গ বটগাছ এক লাখ মানুষকে অক্সিজেন জোগায়। মাটির সর্বোচ্চ গভীরতায় শেকড় বিস্তার করে ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়া রোধ করে। এছাড়া জীববৈচিত্র্য রক্ষায় বিশেষ ভূমিকা রাখে বট ও বকুল গাছ।'

**–লিটন ঘোষ জয়**






# রানীর প্রশংসায় আমির

নতুন ছবি মরদানিতে রানী মুখার্জি অভিনয় করেছেন পুলিশ অফিসারের চরিত্রে। আর সেখানে তিনি অভিযানে নামেন নারী পাচারকারীদের বিরুদ্ধে। এমন সাহসী চরিত্রে অভিনয়ের জন্য অনেকেরই প্রশংসা পাচ্ছেন রানী। এবার সেই তালিকায় যোগ হলেন আমির খানও। ছবিটি দেখার পর টুইটারে আমির লিখেছেন, মরদানিতে অসাধারণ অভিনয় করেছেন রানী। সামাজিক বিভিন্ন বিষয় নিয়ে কাজ করা আমির বলেছেন, রানীর এই ছবিটি সমাজে ঘটে যাওয়া অপরাধগুলো চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেবে। ২২ আগস্ট মুক্তি পায় রানী মুখার্জির 'মরদানি' ছবিটি।

## আপনি জানেন কি




### ভূতনাথ রিটার্নসে অভিনয় করেছেন শাহরুখ ও রণবীর

বিগ বি অমিতাভ বচ্চনের হরর ছবি 'ভূতনাথে'র সিক্যুয়েল 'ভূতনাথ রিটার্নস' মুক্তি পেয়েছে কিছুদিন আগে। ভূতনাথ রিটার্নসের জনপ্রিয়তা ছাড়িয়ে গেছে আগের ছবিটিকেও। শিশুদের সঙ্গে ভূত অমিতাভের মধুর সম্পর্ক আর নানা মজার কাহিনী নিয়ে তৈরি এ ছবিটিতে এবার দেখা গেছে শাহরুখ খান আর রণবীর কাপুরকেও। ছবিটিতে মূলত দেখানো হয়েছে ভারতের নির্বাচনকে ঘিরে নানা কাহিনী। সেখানেই বিশেষ চরিত্রে অভিনয় করেন শাহরুখ এবং রণবীর। এছাড়া ছবিটিতে অন্যতম চরিত্র হিসেবে ছিলেন বোমান ইরানী।

## ব্রিটেনের নাটকে শাবানা আজমি

একবার ভাবুন তো বলিউডের কিংবদন্তি অভিনেত্রী শাবানা আজমি অভিনয় করছেন লন্ডনের কোনো এক স্টেজে! শুনলে অবাক লাগতেই পারে, কিন্তু ঘটনা তো তাই-ই। জানা গেছে, শাবানা আজমি বর্তমানে অবস্থান করছেন লন্ডনে। সেখানে রিফকো আর্ট থিয়েটারের পরবর্তী নাটক 'হ্যাপি বার্থ ডে সুনিতা'তে অভিনয়ের জন্য রিহার্সাল করছেন তিনি। খুব শিগগিরই মঞ্চস্থ হবে নাটকটি। আর এতে মধ্যবিত্ত এক পাঞ্জাবি গৃহবধূর ভূমিকায় অভিনয় করছেন ৬৩ বছর বয়সী এই অভিনেত্রী।



## রণবীর-দীপিকার ওপর ক্যাটরিনার নজরদারি

মাঝে মাঝেই বিভিন্ন জায়গায় একসঙ্গে ছুটি কাটাতে দেখা গেলেও এখনো নিজেদের সম্পর্কের কথা স্বীকার করেননি রণবীর কাপুর আর ক্যাটরিনা কাইফ। স্বীকার না করলেও রণবীরকে যেন একা ছাড়তেই রাজি নন ক্যাট। আর পুরনো প্রেমিকা দীপিকার সঙ্গে তো নয়ই। সম্প্রতি কর্সিকায় 'তামাশা' ছবির শুটিং করেছেন রণবীর আর দীপিকা। সন্দেহ সম্ভবত সেখান থেকেই শুরু। কেননা 'তামাশা'র দ্বিতীয় পর্বের শুটিংয়ে ক্যাটও যে থাকতে চাইছেন ইউনিটের সঙ্গে! এটা কি তবে প্রেমিকের প্রতি নজর রাখতেই?





## অনেক গুঞ্জনের হঠাৎ বিয়ে



সম্পর্ক গড়ে উঠেছিল সেই ২০০৫ সালে। সন্তানদের চাপে বিয়ের এনগেজমেন্টটা সেরে রেখেছিলেন ২০১২ সালে। সেই থেকে তারকা দম্পতি ব্রাড পিট আর অ্যাঞ্জেলিনা জোলির এক মহাজাঁকালো বিয়ের অপেক্ষায় ছিল বিনোদন-বিশ্ব। কিন্তু সব্বাইকে বোকা বানিয়ে হঠাৎ করেই ৩০ আগস্ট সন্ধ্যায় ফ্রান্সের শাটো মিরাভ্যালে নিজেদের দ্বিতীয় বাড়িতে বিয়েটা সেরে ফেলেছেন তারা। বিয়ের পিঁড়িতে তাদের নানা আয়োজনে ব্যস্ত ছিল তাদের ছয় সন্তান। কয়েক বছরের বিয়ের গুঞ্জনের মুখে জোলি মাত্র কিছুদিন আগেই জানিয়েছিলেন জর্জ ক্লুনির আগে বিয়ে করছেন না তারা। কিন্তু মিডিয়া বিশ্বের প্রত্যাশায় ফুলে ওঠা রঙিন বেলুনটাকে চুপসে দিয়ে একেবারেই ঘরোয়া আয়োজনে বিয়েটা সেরে ফেললেন তারা। এমনকি জোলি তার বাবাকেও জানাননি।

## শক্তিশালী ভিলেনের মুখোমুখি বন্ড



খুব শিগগিরই শুরু হবে জেমস বন্ড সিরিজের ২৪তম ছবির কাজ। আগের তিনটি ছবির মতো এবারো বন্ড চরিত্রে দেখা যাবে ড্যানিয়েল ক্রেইগকেই। তবে গত দুই পর্বের তুলনায় এবার ভিন্নতা হলো– বন্ড হিসেবে ক্রেইগকে এবার মুখোমুখি হতে হবে শারীরিকভাবে ভীষণ শক্তিশালী এক ভিলেনের সঙ্গে। সম্প্রতি জেমস বন্ড সিরিজের নির্মাতা প্রতিষ্ঠান ইয়ন প্রোডাকশনের পক্ষ থেকে এমন খবরই জানানো হয়। আগামী বছর নাগাদ দর্শক দেখতে পাবেন বন্ডের পরবর্তী ছবি। এখন দেখার অপেক্ষা নিজের চেয়ে শক্তিশালী ভিলেনের বিপক্ষে কেমন করেন বন্ড ড্যানিয়েল ক্রেইগ।

# বিয়ে করছেন ক্যামেরন ডিয়াজ?



রকার বেনজি ম্যাডেনের সঙ্গে বছর তিনেক ধরেই চুটিয়ে প্রেম করছেন হলিউড তারকা ক্যামেরন ডিয়াজ। এই জুটি এবার প্রেমকে রূপ দিতে যাচ্ছেন পরিণয়ে। অন্তত নিউইয়র্ক পোস্টের প্রতিবেদন সে খবরই জানাচ্ছে। বেনজি সম্প্রতি বিয়ে নিয়ে কথা বলতে যান ক্যামেরনের বেভারলি হিলসের বাড়িতে আর সেখানেই নাকি পাকা কথা হয় তাদের। বেনজি জানিয়েছেন, দুজনের পছন্দ-অপছন্দ বেশিরভাগ ক্ষেত্রেই মিলে যাওয়ায় তারা হয়েছেন পারফেক্ট জুটি। তাই বলা যায়, সবকিছু ঠিক থাকলে খুব শিগগিরই বর-কনে হিসেবে দেখা যাবে ৩৫ বছর বয়সী বেনজি আর ৪১ বছর বয়সী ক্যামেরন ডিয়াজকে।

গ্রন্থনা : সুমাইয়া শিফাত